

স্মারক : রবি/প্রশা/ভর্তি/৪৭/২০১৮/২১০

তারিখ : ২৭শে ফাল্গুন ১৪২৪
১১ই মার্চ ২০১৮

বিজ্ঞপ্তি

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

ভর্তির সাক্ষাৎকার বিষয়ক তথ্যাবলি


রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে মেধাক্রমধারী শিক্ষার্থীদের সাক্ষাৎকার আগামী ২৪শে মার্চ ২০১৮ তারিখ থেকে ২৫শে মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত নির্ধারিত সিডিউল অনুযায়ী সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরস্থ বিসিক বাসস্ট্যান্ড সংলগ্ন শাহজাদপুর মহিলা ডিগ্রি কলেজে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের অফিস কক্ষে গ্রহণ করা হবে।

সকল প্রার্থীকে মনে রাখতে হবে যে- (ক) মেধাক্রম অনুযায়ী কেবল সংশ্লিষ্ট বিষয় ও আসন খালি থাকা সাপেক্ষে এবং নির্দেশিকায় উল্লেখিত গ্রেড, নম্বর ও অন্যান্য যোগ্যতার ভিত্তিতে অনার্সের বিষয় বরাদ্দ দেওয়া হবে; (খ) মনে রাখা প্রয়োজন যে, সাক্ষাৎকারে উপস্থিত হওয়াই ভর্তির নিশ্চয়তা নয়।

সাক্ষাৎকারের সময় শিক্ষার্থীদের অবশ্যই (১) ভর্তি-পরীক্ষার মূল প্রবেশপত্র; (২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র; (৩) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড; এবং (৪) দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঙিন ছবি সঙ্গে আনতে হবে। কোনো কারণে প্রয়োজনীয় কাগজপত্র ও ছবি আনতে ব্যর্থ হলে প্রার্থীকে নির্ধারিত অঙ্কের ফি প্রদান সাপেক্ষে সাক্ষাৎকারে অংশগ্রহণের অনুমতি দেওয়া যেতে পারে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে এগুলি রেজিস্ট্রার অফিস বরাবর উপস্থাপন করতে হবে।

ভর্তি জন্য নির্ধারিত সময়ের পর যদি কোনো বিভাগের আসন শূন্য থাকে তাহলে শর্তপূরণ ও আসন খালি থাকা সাপেক্ষে নির্ধারিত ফি দিয়ে অন্য বিভাগে ভর্তি করা যেতে পারে। এতদসংক্রান্ত ফি-এর বিবরণ নিম্নরূপ :

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
১	ছবি না আনলে	২০০ টাকা ফি দিয়ে দুই দিনের মধ্যে ছবি জমা দিতে হবে।
২	ভর্তি পরীক্ষার প্রবেশপত্র না আনলে	৫০০ টাকা ফি দিয়ে তিন দিনের মধ্যে তা দেখাতে হবে।
৩	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রী না আনলে	প্রত্যেকটির জন্য ৫০০ টাকা ফি দিয়ে পাঁচ দিনের মধ্যে তা দেখাতে হবে।
৪	উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড না আনলে	৫০০ টাকা ফি দিয়ে পাঁচ দিনের মধ্যে তা দেখাতে হবে।
৫	বিষয় পাওয়ার পর তা পরিবর্তন করতে চাইলে (আসন থাকা সাপেক্ষে)	৭০০ টাকা ফি দিতে হবে।



(মোঃ সোহরাব আলী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
সদস্য-সচিব, ভর্তি ব্যবস্থাপনা কমিটি ২০১৭-২০১৮

